

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৩

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩০. যে ব্যক্তি নফল রোযার নিয়াত করে সকালে (ঘুম থেকে) উঠে এরপর রোযা ভেঙ্গে ফেলে, তার সম্পর্কে

بَابِ فِيمَنْ يُصبْبِحُ صَائِمًا تَطَوُّعًا ثُمَّ يُفْطِرُ

আর্বী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ عَنْ أُمِّ هَانِئٍ قَالَتْ لَمَّا كَانَ يَوْمُ فَتْحِ مَكَّةَ جَاءَتْ فَاطِمَةُ فَجَلَسَتْ عَنْ يَسَارِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُمُّ هَانِئٍ عَنْ يَمِينِهِ قَالَتْ فَجَاءَتْ الْوَلِيدَةُ بِإِنَاءٍ فِيهِ شَرَابٌ فَنَاوَلَتُهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُمُّ هَانِئٍ عَنْ يَمِينِهِ قَالَتْ فَجَاءَتْ الْوَلِيدَةُ بِإِنَاءٍ فِيهِ شَرَابٌ فَنَاوَلَتُهُ فَشَرِبَ مِنْهُ ثُمَّ قَالَتْ يَا رَسُولَ اللَّهِ لَقَدْ أَفْطَرْتُ وَكُنْتُ صَائِمَةً فَقَالَ لَهَا أَكُنْتِ تَقْضِينَ شَيْئًا قَالَتْ لَا قَالَ فَلَا يَضَدُرُكِ إِنْ كَانَ تَطَوُّعًا قَالَ أَبُو مُحَمَّد أَقُولُ بِهِ

বাংলা

১৭৭৩. উন্মে হানী রাদ্বিয়াল্লাছ্ আনহা হতে বর্ণিত। তিনি বলেন, মক্কা বিজয়ের দিন ফাতিমা রাদ্বিয়াল্লাছ্ আনহা আগমন করেন। এরপর তিনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম এর বামদিকে উপবেশন করেন এবং উন্মে হানী রাদ্বিয়াল্লাছ্ আনহা ডানদিকে। তিনি (রাবী) বলেন, এ সময় জনৈক দাসী একটি পাত্রে কিছু পানীয় দ্রব্য এনে পেশ করলে তিনি তা পান করেন। এরপর তিনি তা (এর অবশিষ্টাংশ) উন্মে হানীকে পান করতে দেন। তিনি তা পান করে বলেন, ইয়া রাসূলুল্লাহ্! আমি তো ইফতার করে ফেললাম, কিন্তু আমি যে রোযা ছিলাম। তিনি তাঁকে জিজ্ঞাসা করেন: "তুমি কি কোন (রোযার) কাযা আদায় করছিলে?" তিনি বলেন, না। তিনি বলেন: "যদি তা নফল রোযা হয়, তবে এতে তোমার কোন ক্ষতি হবে না।"[1]

আবূ মুহাম্মদ বলেন: এটিই আমার মত।

ফুটনোট

[1] তাহক্বীক্ক: এর সনদ যয়ীফ। ইয়াযীদ ইবনু আবী যিয়াদের দুর্বলতা (যু'আফ)-এর কারণে।



তাখরীজ: আবূ দাউদ, সওম ২৪৫৬; তার সূত্রে বাইহাকী, সিয়াম ৪/২৭৭।

নাসাঈ বলেন: "এ হাদীসটি মুযতারিব (বিক্ষিপ্ত)।... আর জা'দাহ'র হাদীসের বিষয়টি হলো, তিনি উম্মু হানী থেকে কোনো কিছু শ্রবণ করেননি।"

তুর্কমানী 'জাওহারুন নাকী হামিশ বাইহাকী 8/২৭৮ তে বলেন: "এ হাদীসটি মতন ও সনদের দিক থেকে 'ইযতিরাব'যুক্ত (বিক্ষিপ্ততা)।….

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন